**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৯৩৯ তারিখঃ ২৪.০৭-২০২৫খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের (মে,২০২৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৫/০৬/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (মে,২০২৫ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার (জুন, ২০২৫ পর্যন্ত) কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০৭-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৫ (পাঁচ) পৃষ্ঠা।

২৪/০৭/২০২৫

মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: repon303@yahoo.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (মে/২০২৫ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : দুপুর ০৩.৩০ টা।

তারিখ : ২৫ জুন, ২০২৫ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভার শুরুতে সভাপতি সভাকক্ষে উপস্থিত ও জুম প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র মে, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ পরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপ পরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্য বিষয়সমূহঃ**

**২। গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ২৬/০৫/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এপ্রিল ২০২৫ পর্যন্ত সময়ের আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণীর ১৮ জুন ২০২৫ তারিখে সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালগণকে প্রেরণ করা হয়েছে। জারিকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী ও সংযোজনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

**৩। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**৩.১।** সভাপতি সকল প্রকল্প পরিচালকের উদ্দেশ্যে সূচনা বক্তব্য প্রদান করেন। সভাপতি মহোদয় প্রকল্পের যাবতীয় প্রতিকূলতা কাটিয়ে শতভাগ অর্জনের লক্ষ্যে সকলকে উদ্যোমী হয়ে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন। কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি বিনিয়োগ প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে আরএডিপি মোতাবেক মোট ২২৭.৩৮ কোটি টাকা এবং ০১টি কর্মসূচি'র অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩৯.০০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় মে ২০২৫ পর্যন্ত ২১৩.৯২ কোটি (৯৪.০৮%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে মে ২০২৫ পর্যন্ত ১৬২.৬১ কোটি (৭১.৫১%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচি'র বিপরীতে ৯৯.০০ লক্ষ (৭১.২২%) টাকা ছাড় করা হয় এবং মে ২০২৫ পর্যন্ত ৭৯.৯৮ লক্ষ (৫৭.৫৪%) টাকা ব্যয় করা হয়। মে ২০২৫ পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি ৪৯.০৮ শতাংশ, কৃষি মন্ত্রণালয়ের অগ্রগতি ৭১.৮৭ শতাংশ। কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্পের গড় অগ্রগতি ৭১.৫১ শতাংশ। অধিদপ্তরের অগ্রগতি কৃষি মন্ত্রণালয়ের চেয়ে ০.৩৬ শতাংশ কম।

### ৩.২। প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ

২০২৪-২৫ অর্থ বছরের মে ২০২৫ পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব নিম্নে উপস্থাপন করা হলো।

**ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** (মে ২০২৫ পর্যন্ত)

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | আরএডিপি বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৭২.৫০ | ১৮.৫০ | ৫৪.০০ | ৫৯.৯৩ (৮২.৬৬%) | ১৮.৪২ (৯৯.৫৭%) | ৪১.৫১ (৭৬.৮৭ %) | ৫২.২৫ (৭২.০৭%) | ১৩.৭২ (৭৪.১৬%) | ৩৮.৫৩ (৭১.৩৫ %) | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ২ | এসডিএএমপি | ৪৫.০০ | ৪৫.০০ | ০ | ৪৫.০০ (১০০%) | ৪৫.০০ (১০০%) | ০ | ৩৫.৭৮ (৭৯.৫১%) | ৩৫.৭৮ (৭৯.৫১%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ২৫.৫০ | ২৫.৫০ | ০ | ২৫.৪৭ (৯৯.৮৮%) | ২৫.৪৭ (৯৯.৮৮%) | ০ | ২১.৬৪ (৮৪.৮৬%) | ২১.৬৪ (৮৪.৮৬%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ৪ | আলুর প্রকল্প | ১৩.৪৬ | ১৩.৪৬ | ০ | ১৩.৪৪ (৯৯.৮৫%) | ১৩.৪৪ (৯৯.৮৫%) | ০ | ৯.৮৩ (৭৩.০৩%) | ৯.৮৩ (৭৩.০৩%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ৫১.১৪ | ৭.৮৪ | ৪৩.৩০ | ৫১.১৪ (১০০%) | ৭.৮৪ (১০০%) | ৪৩.৩০ (১০০%) | ৩৩.১৩ (৬৪.৭৮%) | ৪.১৮ (৫৩.৩২%) | ২৮.৯৫ (৬৬.৮৬%) | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ১৯.৭৮ | ১৯.৭৮ | ০ | ১৮.৯৪ (৯৫.৭৫%) | ১৮.৯৪ (৯৫.৭৫%) | ০ | ৯.৯৮ (৫০.৪৬%) | ৯.৯৮ (৫০.৪৬ %) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম |
| | **সর্বমোট** | **২২৭.৩৮** | **১৩০.০৮** | **৯৭.৩০** | **২১৩.৯২ (৯৪.০৮%)** | **১২৯.১১ (৯৯.২৫ %)** | **৮৪.৮১ (৮৭.১৬ %)** | **১৬২.৬১ (৭১.৫১%)** | **৯৫.১৩ (৭৩.১৩%)** | **৬৭.৪৮ (৬৯.৩৫%)** | |

**খ) কর্মসূচির বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** ( মে ২০২৫ পর্যন্ত)

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ১৩৯.০০ | ১৩৯.০০ | ০ | ৯৯.০০ (৭১.২২%) | ৯৯.০০ (৭১.২২%) | ০ | ৭৯.৯৮ (৫৭.৫৪%) | ৭৯.৯৮ (৫৭.৫৪%) | ০ | মন্ত্রণালয়ের গড় অগ্রগতির চেয়ে কম |

### ৩.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৪-২৫ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে মোট ৭৫টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/ প্যাকেজসমূহের মধ্যে মে, ২০২৫ পর্যন্ত ৭৩ টি (৯৭.৩৩%) দরপত্র আহবান করা হয় তন্মধ্যে ৭০ টি (৯৩.৯৯%) কার্যাদেশ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে আরএফকিউ পদ্ধতিতে মোট ৩২টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে মে, ২০২৫ পর্যন্ত ৩১টি (৯৬.৮৭৫%) দরপত্র আহবান করা হয় এবং ৩১টি (৯৬.৮৭৫ %) কোটেশনের কার্যাদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ১টি কর্মসূচি'র অনুকুলে ২টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও কোনো কার্যাদেশ প্রদান করা হয়নি।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (মে ২০২৫ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৩২ | ৩২ | ৩২ | ৭ | ৭ | ৭ | ১০০% |
| ২ | এসডিএএমপি | ২ | ২ | ১ | ৩ | ৩ | ৩ | ৮০% |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৮ | ৮ | ৮ | ৪ | ৪ | ৪ | ১০০% |
| ৪ | আলুর প্রকল্প | ৬ | ৬ | ৫ | ২ | ২ | ২ | ৮৭.৫% |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১৪ | ১২ | ১১ | ৬ | ৫ | ৫ | ৮০% |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১৩ | ১৩ | ১৩ | ১০ | ১০ | ১০ | ১০০% |
| | **সর্বমোট** | **৭৫** | **৭৩** | **৭০** | **৩২** | **৩১** | **৩১** | |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (মে ২০২৫ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ২ | ২ | ০ | ০ | ০ | ০ | ০% |
| | **সর্বমোট** | **২** | **২** | **০** | **০** | **০** | **০** | |

### ৪। আলোচ্য বিষয়-৩: গত ২৬ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় গ্রহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৪.১ | **সিদ্ধান্ত-৫.১**<br>সকল প্রকল্পের ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্নসহ ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী শতভাগ অগ্রগতি নিশ্চত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৪.২ | **সিদ্ধান্ত-৫.২** প্রকল্পের ক্রয় কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করতে হবে। পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক কার্যকর প্রতিযোগিতা নিশ্চিত করে গ্রহণযোগ্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিতে হবে। একক গ্রহণযোগ্য দরপত্রের বাছাইয়ের ক্ষেত্রে মূল্যায়ন প্রতিবেদনে অন্য সকল দরপত্র দাতার নন রেসপনসিভ হওয়ার কারণ যথাযথভাবে উল্লেখ করে অধিদপ্তরসহ কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৪.৩ | **সিদ্ধান্ত-৫.৩** নতুন প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে কৃষি ভূমি অধিগ্রহণ যথাসম্ভব পরিহার করতে হবে। | উপ পরিচালক নীতি ও পরিকল্পনা শাখা। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৪.৪ | **সিদ্ধান্ত-৫.৪** সকল ধরনের প্রতিকূলতা মোকাবেলা করে দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতার সাথে প্রকল্প পরিচালকগণকে দায়িত্ব পালন করতে হবে। এক্ষেত্রে অনৈতিক ও নিয়ম বহির্ভূত কোনো কার্যকলাপের সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ৪.৫ | **সিদ্ধান্ত-৫.৫** প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করা এবং প্রকল্পের প্রশিক্ষণ, সেমিনার, ফার্মার্স হাব নির্মাণ এবং শস্য গুদাম মেরামত কাজ মনিটরিং পূর্বক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রদান করতে হবে। | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (পার্টনার-ডিএএম অংগ) | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

## ৫। সভার সিদ্ধান্তসমূহঃ

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | সকল প্রকল্পের ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্নসহ ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী শতভাগ অগ্রগতি নিশ্চত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.২ | বিভিন্ন প্রকল্পের নতুন অবকাঠামো নির্মাণের পূর্বে স্থান/অবস্থান চিহ্নিত করার জন্য মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে চূড়ান্ত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৩ | নতুন প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে কৃষি ভূমি অধিগ্রহণ যথাসম্ভব পরিহার করতে হবে। | উপ পরিচালক নীতি ও পরিকল্পনা শাখা। |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.৪ | প্রকল্পের আওতায় ম্যাচিং গ্র্যান্ট ও বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ক কৃষক প্রশিক্ষণ, পোস্টহারভেস্ট প্রাইমারী প্রসেসিং বিষয়ক কৃষক প্রশিক্ষণের এলাকা ভিত্তিক প্রভাব মূল্যায়ন করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৫.৫ | প্রকল্প হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনের সুপারিশ অনুযায়ী ডিপিপি সংশোধন পূর্বক দ্রুত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৫.৬ | কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী হয়েছে কিনা তা যাচাই পূর্বক মূল্যায়নের ভিত্তিতে বিল পরিশোধ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৫.৭ | প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী মডেল ঘরের মাপ/ সাইজ অনুযায়ী ঘর বুঝে নিতে হবে। আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজের একটি পূর্ণাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |
| ৫.৮ | প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল জেলা পর্যায়ে গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া পার্টনার-(ডিএএম অংগ) এর অর্থায়নে শস্য গুদাম মেরামত কাজ মনিটরিং পূর্বক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক শস্যগুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন শীর্ষক প্রকল্প |
| ৫.৯ | প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করা এবং প্রকল্পের প্রশিক্ষণ, সেমিনার, ফার্মার্স হাব নির্মাণ এবং শস্য গুদাম মেরামত কাজ মনিটরিং পূর্বক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রদান করতে হবে। | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (পার্টনার-ডিএএম অংগ) |
| ৫.১০ | সকল ধরনের প্রতিকূলতা মোকাবেলা করে দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতার সাথে প্রকল্প পরিচালকগণকে দায়িত্ব পালন করতে হবে। এক্ষেত্রে অনৈতিক ও নিয়ম বহির্ভূত কোনো কার্যকলাপের সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৭/২৫

নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর।